রেজিস্টার্ড নং ডি এ

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারী ১০, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৪শে পৌষ ১৪০১/৭ই জানুয়ারী ১৯৯৫

এস, আর, ও, নং ৮-আইন/৯৫/১৫৮২/শুল্ক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এবং ৭৩ (২) এর সহিত পঠিতব্য Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১০ই জ্যৈষ্ঠ, ১৩৯৫ মোতাবেক ২৪শে মে, ১৯৮৮ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১২২-আইন/৮৭/১১২৪/শুল্ক, এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) প্রথম অনুচ্ছেদে উল্লিখিত "Sales Tax Ordinancc, 1982(XVIII of 1982) এর section 4(1)" শব্দ, কমা, সংখ্যা ও বন্ধনী পরিবর্তে "মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১)" শব্দ, কমা, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(২) প্রথম অনুচ্ছেদের (ক), (খ) ও (গ) দফায় উল্লেখিত "Customs duty ও sales tax" শব্দগুলির পরিবর্তে প্রতিটি ক্ষেত্রে "Customs duty, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে, এবং



মূল্যঃ টাকা ১·০০

(৩) অনুচ্ছেদ-২তে দুইবার উল্লিখিত "Customs duty এবং sales tax" শব্দগুলির পরিবর্তে উভয় ক্ষেত্রে "Customs duty, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

২। এই প্রজ্ঞাপন ১৬ই আষাঢ়, ১৩৯৮ মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।